

তোমাকেই ভালো লেগেছে !
তোমাকেই ভালো লেগেছে,
তাই তোমার দালান জুড়ে আঁকলাম
এক নদী ভরা স্নান,
তোমাকেই মনে ধরেছে তাই
পুরোনো খাতায় লিখে রাখলাম,
নতুন প্রেমের গান।

আমার আঁধার দিনলিপি জুড়ে
জ্বলে দাও তুমি আলো,
আরও ভালো, আরো ভালোবেসে তুমি
উঠোন সাজিয়ে দাও।

তোমার আদর আলগোছ করে
মায়াভরা চোখে ঢালো,
আরো আলো, আরো আলো রঙে তুমি
এ মাটি রাঙিয়ে দাও।

যেন আমার ভাঙা এ জানালার ফাঁকে
তোমার আঙ্গুল ছোঁয়া লেগে থাকে,
বাড়ি ফিরে এসে তোমারই আঁচলে
ক্লাস্তির অবসান।

তোমাকেই ভালো লেগেছে,
তাই তোমার দালান জুড়ে আঁকলাম
এক নদী ভরা স্নান,
তোমাকেই মনে ধরেছে তাই
পুরোনো খাতায় লিখে রাখলাম,
নতুন -- প্রেমের গান।

আমি চেনা গলি, চেনা রাজপথ
চেনা আলো দিয়ে মোড়া
নগরের থেকে এসেছি।
তোমার অচেনা দালানে যত পাখি আছে
বলেছে আমাকে যা বলার আছে,
চুপ করে আমি সেই সব কথা শুনেছি,
আমি শুনেছি, আমি শুনেছি।
নিয়েছি সে কথা হৃদয়ে জমিয়ে
ভাঙ্গনের সুর দিয়েছি থামিয়ে,
আঁধার সরিয়ে তোমাকেই আমি চিনেছি।

তোমাকেই ভালো লেগেছে,
তাই তোমার উঠোন সাজিয়ে দিলাম
মন ভালো করা আলোয়,
তোমাকেই মনে ধরেছে,
দেখো কেটে যাবে ঠিক, কেটে যাবে
বেশ দুজনে মন্দ ভালোয়।